



## মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট সিটিজেন চার্টার

### ১। লক্ষ্য :

দেশের সীমিত ভূমি ও মৃত্তিকা সম্পদের যুক্তিযুক্ত ও লাভজনক ব্যবহার নিশ্চিতকরণ এবং মৃত্তিকা পরিবেশ সুরক্ষা।

### ২। উদ্দেশ্য :

- (১) মৃত্তিকা ও ভূমি সম্পদের ইনভেন্টরি তৈরী।
- (২) ভূমি ও মৃত্তিকা সম্পদের সক্ষমতাভিত্তিক শ্রেণীবিন্যাস।
- (৩) ভূমি ও মৃত্তিকা সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের জন্য সেবা গ্রহণকারীর উপযোগী নির্দেশিকা, পুস্তিকা ও সহায়িকা প্রণয়ন।
- (৪) সমস্যািক্রিষ্ট মৃত্তিকা ব্যবস্থাপনা।
- (৫) শস্য উৎপাদন বৃদ্ধির জন্য টেকসই পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা।

### ৩। মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট-এর কার্যাবলী

#### ভূমি ও মৃত্তিকা সম্পদের বৈশিষ্ট্যায়ন :

- আধা বিস্তারিত মৃত্তিকা জরিপের মাধ্যমে উপজেলাভিত্তিক ভূমি ও মৃত্তিকা সম্পদ ব্যবহার নির্দেশিকা প্রণয়ন ও হালনাগাদকরণ।
- ইউনিয়নওয়ারী ভূমি, মৃত্তিকা এবং সার সুপারিশ সহায়িকা প্রণয়ন।
- সরকারী ও বেসরকারী কৃষি খামারের বিস্তারিত মৃত্তিকা জরিপ করে মানচিত্রসহ প্রতিবেদন প্রণয়ন।

#### কৃষক সেবা :

- স্থায়ী মৃত্তিকা গবেষণাগারে মৃত্তিকা নমুনা বিশ্লেষণ এবং বিশ্লেষণের ফলাফল ও ফসলের চাহিদা অনুযায়ী সুখম সার সুপারিশ।
- ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষাগারের (এমএসটিএল) মাধ্যমে সরেজমিনে কৃষকের মাটি পরীক্ষা করে সুখম সার সুপারিশ।
- টেকসই মৃত্তিকা ও ভূমি ব্যবস্থাপনার মাধ্যমে শস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষকের মধ্যে মৃত্তিকা স্বাস্থ্য কার্ড বিতরণ।
- ইউনিয়নভিত্তিক ভূমি শ্রেণীর গড় উর্বরতা মানের ভিত্তিতে প্রধান প্রধান ফসলের জন্য সার সুপারিশ সম্বলিত ফেস্টুন বিতরণ।

#### আইসিটি সেবা :

- মোবাইল ফোন এবং সিআইসির মাধ্যমে ইনস্টিটিউট কর্তৃক সৃজিত মৃত্তিকা উর্বরতা বিষয়ক বিশাল তথ্য-উপাত্তের ভিত্তিতে দেশের যে কোন অঞ্চলের কৃষকের চাহিদা অনুযায়ী ফসলের ডিজিটাল (অনলাইন) সার সুপারিশ।

#### সার নমুনা বিশ্লেষণ :

- সারের গুণগতমান নিয়ন্ত্রনের লক্ষ্যে রাসায়নিক ও জৈব সারের নমুনা বিশ্লেষণ।
- সরেজমিনে ভেজাল সার সনাক্তকরণের জন্য সহজ পদ্ধতি উদ্ভাবন ও উন্নয়ন।

#### মৃত্তিকা ও পানির লবণাক্ততা এবং উর্বরতা পরিবীক্ষণ :

- উপকূলীয় এলাকায় মৃত্তিকা ও পানির লবণাক্ততার দীর্ঘমেয়াদী পরিবীক্ষণ।
- মৃত্তিকা উর্বরতার দীর্ঘমেয়াদী পরিবীক্ষণ।

### সমস্যাক্রিষ্ট মৃত্তিকা ব্যবস্থাপনা বিষয়ক গবেষণা :

- মৃত্তিকা ও পানির লবণাক্ততা জরিপের মাধ্যমে বিভিন্ন মাত্রায় লবণাক্ততা আক্রান্ত জমি চিহ্নিতকরণ ও মানচিত্রসহ প্রতিবেদন প্রণয়ন ।
- উপকূলীয় এলাকায় লবণাক্ত মাটির ব্যবস্থাপনার কৌশল উদ্ভাবন ।
- পাহাড়ী অঞ্চলের জন্য মৃত্তিকা সংরক্ষণ ও পানি বিভাজিকা ব্যবস্থাপনা বিষয়ক প্রযুক্তি উদ্ভাবন ।
- পিট এবং এসিড সালফেট মৃত্তিকার ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবন ।

### প্রযুক্তি হস্তান্তর

- মৃত্তিকা পরীক্ষা ভিত্তিক সুসম সার ব্যবহার প্রযুক্তি সম্প্রসারণের লক্ষ্যে ব্লক প্রদর্শনী ।
- কৃষির সাথে সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের কর্মীদেরকে ভূমি ও মৃত্তিকা ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান ।
- মাটির নমুনা সংগ্রহ ও সুসম সার ব্যবহার বিষয়ে কৃষক প্রশিক্ষণ ।
- সরেজমিনে ভেজাল সার সনাক্তকরণ বিষয়ে জেলা, উপজেলা ও ব্লক পর্যায়ে কৃষি কর্মকর্তা, সারের ডিলার ও কৃষকদেরকে প্রশিক্ষণ প্রদান ।
- প্রযুক্তি বিস্তারের লক্ষ্যে ডকুমেন্টরী ফিল্ম, লিফলেট, পুস্তিকা, পোস্টার প্রকাশ ।

### মানচিত্র প্রণয়ন :

- মৃত্তিকা মানচিত্র
- মৃত্তিকা উর্বরতা মানচিত্র
- মৃত্তিকা লবণাক্ততা মানচিত্র
- শস্য উপযোগিতা মানচিত্র
- ভূমি ব্যবহার মানচিত্র
- ভূ-প্রকৃতি মানচিত্র
- বন্যার আশংকায়ুক্ত এলাকার মানচিত্র
- খরা প্রবণ এলাকার মানচিত্র
- সমস্যাক্রিষ্ট মৃত্তিকা মানচিত্র
- ভূমি ও মৃত্তিকা সম্পর্কিত বিভিন্ন ধরনের মানচিত্র

এসব মানচিত্র মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট-এর প্রধান কার্যালয়, ঢাকা থেকে নির্ধারিত মূল্য পরিশোধের মাধ্যমে সংগ্রহের ব্যবস্থা আছে । বর্তমানে A<sub>4</sub> (২১.০ সে. মি. x ২৯.৭ সে. মি) ও A<sub>1</sub> (৫৯.৪ সে. মি. x ৮৪.১ সে. মি.) মাপের মানচিত্রের মূল্য যথাক্রমে ১০০.০০ (একশত) ও ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) টাকা ।

### তথ্য সরবরাহ ও পরামর্শ সেবা :

- উপকারভোগী সংস্থা/ব্যক্তিকে ভূমি ও মৃত্তিকা বিষয়ে তথ্য-উপাত্ত সরবরাহ ও পরামর্শ প্রদান ।

৪। মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের চার্টার অব ডিউটিজঃ

	দায়িত্বাবলী	সেবা গ্রহণকারী	প্রার্থিত সেবা পাওয়ার সর্বোচ্চ সময়সীমা
ক)	<b>মৃত্তিকা জরিপ বিভাগ</b>		
১.	মৃত্তিকা জরিপ-লব্ধ তথ্য-উপাত্ত এবং মৃত্তিকা ও ভূমি ব্যবহার সম্পর্কিত বিভিন্ন মানচিত্র সরবরাহ।	কৃষি মন্ত্রণালয়/কৃষি সম্প্রসারণ বিভাগ/সরকারী বেসরকারী কৃষি খামার/ গবেষণা প্রতিষ্ঠান/ গবেষক/ শিক্ষাবিদ/ পরিকল্পনাবিদ/শিক্ষিত কৃষক।	ব্যক্তি বা প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী ৩ দিন থেকে ১০ দিন।
২.	ভূমি ও মৃত্তিকা বৈশিষ্ট্য অনুসারে শস্য উপযোগিতা নিরূপণ করে মানচিত্র ও প্রতিবেদন প্রণয়নপূর্বক সরবরাহ।	সরকারী বেসরকারী কৃষি খামার/ গবেষণা প্রতিষ্ঠান/পরিকল্পনাবিদ।	চাহিদাপ্রাপ্তির পর ১৫ দিন।
৩.	প্রাকৃতিক দুর্যোগজনিত ক্ষয়ক্ষতি নিরূপণ করে ক্ষতিগ্রস্ত এলাকার মানচিত্রসহ প্রতিবেদন প্রণয়ন ও সরবরাহ করে জাতীয় পর্যায়ে কৃষি পুনর্বাসনে সহায়তা প্রদান।	কৃষি মন্ত্রণালয়/ কৃষি সম্প্রসারণ বিভাগ।	চাহিদাপ্রাপ্তির পর ১৫ দিন।
৪.	কৃষি জলবায়ু, ভূমি ও মৃত্তিকার গুণাগুণের ভিত্তিতে ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা প্রদান।	কৃষি মন্ত্রণালয়/ কৃষি সম্প্রসারণ বিভাগ/ সরকারী বেসরকারী কৃষি খামার/ গবেষণা প্রতিষ্ঠান/ প্রকল্প অধিষ্ঠান।	চাহিদাপ্রাপ্তির পর ২মাস।
খ)	<b>উন্নয়ন বিভাগ</b>		
৫.	মৃত্তিকা উর্বরতা বিষয়ক তথ্য সরবরাহ।	কৃষি সম্প্রসারণ বিভাগ/ গবেষণা প্রতিষ্ঠান/ এনজিও/ গবেষক/ সম্প্রসারণ কর্মী।	চাহিদাপ্রাপ্তির পর ২ দিন।
৬.	মৃত্তিকা পরীক্ষা ফলাফল ও উপজেলা নির্দেশিকার তথ্যের ভিত্তিতে ফসলের সার সুপারিশ প্রদান।	কৃষক, কৃষি কর্মী ও খামার মালিক।	চাহিদাপ্রাপ্তির পর তাৎক্ষণিকভাবে।
৭.	স্থানীয় পর্যায়ে কৃষি সম্প্রসারণ, কৃষি গবেষণা ও কৃষি উন্নয়ন কর্মকাণ্ডে জড়িত বিভিন্ন সংস্থাকে মৃত্তিকা মানচিত্র, উপাত্ত, নির্দেশিকা ও সহায়িকা সরবরাহ এবং পরামর্শমূলক সেবা প্রদান।	কৃষি সম্প্রসারণ বিভাগ/ গবেষণা প্রতিষ্ঠান/ এনজিও/ গবেষক/ সম্প্রসারণ কর্মী/ কৃষক।	প্রাপ্যতা সাপেক্ষে চাহিদাপ্রাপ্তির পর তাৎক্ষণিকভাবে।
৮.	প্রাকৃতিক দুর্যোগজনিত ক্ষতিগ্রস্ত এলাকা জরিপ করে মানচিত্র প্রণয়ন ও স্থানভিত্তিক তথ্য সরবরাহ করে স্থানীয় পর্যায়ে কৃষি পুনর্বাসনে সহায়তা প্রদান।	স্থানীয় প্রশাসন/কৃষি সম্প্রসারণ বিভাগ।	চাহিদাপ্রাপ্তির পর ১৫ দিন।
৯.	বিভিন্ন মেয়াদে সম্প্রসারণ কর্মী ও কৃষক প্রশিক্ষণ।	সম্প্রসারণ কর্মী ও কৃষক।	চাহিদামাফিক ও অর্থের সংশ্লেষ সাপেক্ষে।

	দায়িত্বাবলী	সেবা গ্রহণকারী	প্রার্থিত সেবা পাওয়ার সর্বোচ্চ সময়সীমা
গ)	<b>কারিগরী সহায়তা বিভাগ</b>		
১০.	উপজেলা ভূমি ও মৃত্তিকা সম্পদ ব্যবহার নির্দেশিকা ও ইউনিয়ন সহায়িকা সরবরাহ।	সম্প্রসারণ কর্মী /শিক্ষিত কৃষক/ কৃষি সম্প্রসারণ বিভাগ/ এনজিও/ গবেষক/ শিক্ষাবিদ/ছাত্র।	প্রাপ্যতা সাপেক্ষে চাহিদাপ্রাপ্তির পর তাৎক্ষণিকভাবে।
১১.	জিআইএস প্রযুক্তির মাধ্যমে প্রস্তুতকৃত ডিজিটাল মানচিত্র ও উপাত্ত সরবরাহ।	বিজ্ঞানী/বিশ্ববিদ্যালয় শিক্ষক/ এনজিও/ গবেষক/ শিক্ষাবিদ/ছাত্র।	অনুরোধ প্রাপ্তির পর ১০ দিন।
১২.	কৃষি উন্নয়নের সাথে সংশ্লিষ্ট বিজ্ঞানী ও সম্প্রসারণ কর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ প্রদান।	কৃষি সম্প্রসারণ বিভাগ/ এনএআরএস প্রতিষ্ঠান/ এনজিও।	চাহিদা অনুযায়ী ও অর্থের সংশ্লেষ সাপেক্ষে।
১৩.	অনলাইন সার সুপারিশ (বাংলালিংক ও গ্রামীন ফোনের মাধ্যমে)।	কৃষক / কৃষি কর্মী / খামার মালিক।	অনুরোধ প্রাপ্তির পর তাৎক্ষণিকভাবে।
ঘ)	<b>গবেষণা কেন্দ্র</b>		
১৪.	পাহাড়ী এলাকায় আধুনিক চাষ প্রযুক্তি বিষয়ে পরামর্শ প্রদান।	কৃষক / সম্প্রসারণ কর্মী / খামার মালিক/ গবেষক/এনজিও।	অনুরোধ প্রাপ্তির পর ৩ দিন।
১৫.	উপকূলীয় অঞ্চলে লবণাক্ত মাটি ও ফসল ব্যবস্থাপনা বিষয়ে পরামর্শ প্রদান।	কৃষক / সম্প্রসারণ কর্মী / খামার মালিক/ গবেষক/এনজিও।	অনুরোধ প্রাপ্তির পর তাৎক্ষণিকভাবে।
ঙ)	<b>মৃত্তিকা পরীক্ষা বিভাগ</b>		
১৬.	স্থায়ী গবেষণাগারে মাটির নমুনা বিশ্লেষণের মাধ্যমে সার সুপারিশ প্রদান।	কৃষক।	১০ দিন।
১৭.	ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষাগারের মাধ্যমে মাটির নমুনা বিশ্লেষণ করে ফসল/ফসল বিন্যাস ভিত্তিক সার সুপারিশ প্রদান।	কৃষক।	৩ দিন।
১৮.	মাটির ভৌত, রাসায়নিক ও জৈবিক গুণাবলী বিশ্লেষণ করে মাটির স্বাস্থ্য কার্ড বিতরণ।	কৃষক।	৩ মাস।
১৯.	মৃত্তিকা, উদ্ভিদ ও পানির নমুনায় বিভিন্ন পুষ্টি উপাদান এবং আর্সেনিকসহসহ হেভি মেটালের উপস্থিতি ও পরিমাণ নির্ণয়।	কৃষি সম্প্রসারণ বিভাগ/ বিভিন্ন সরকারী বেসরকারী সংস্থা/ ব্যক্তি।	অনুরোধ প্রাপ্তির পর ১০ দিন।
২০.	গুণগতমান নির্ধারণে (খাঁটি/ভেজাল) সারের নমুনা বিশ্লেষণ।	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ কাষ্টমস/ পুলিশ প্রশাসন/ বিএআরসি/ বেসরকারী আমদানীকারক /এনজিও সমেত বিভিন্ন প্রত্যাশী সংস্থা/ব্যক্তি।	অনুরোধ প্রাপ্তির পর ৭ দিন।

৫। মাটি, পানি, উদ্ভিদ এবং সারের নমুনা বিশ্লেষণ ফি

(ক) মৃত্তিকা বিশ্লেষণের ধার্যকৃত ফি (প্যাকেজ হিসাবে কৃষকের জন্য) :

- ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষাগারের মাধ্যমে পূর্ব ঘোষিত নির্দিষ্ট সময়ে P, K, S, P<sup>H</sup> ও EC বিশ্লেষণ করে চাহিদামত যে কোন ফসল/ ফসল বিন্যাসের সার সুপারিশের জন্য কৃষকের নিকট থেকে মাত্র ২৫.০০ টাকা ফি গ্রহণ করা হয়।
- স্থায়ী গবেষণাগারের মাধ্যমে মাটির পুষ্টি উপাদান N, P, K, S, B, Zn এবং P<sup>H</sup> ও EC বিশ্লেষণ করে চাহিদামত যে কোন ফসল/ ফসল বিন্যাসের সার সুপারিশের জন্য কৃষকের নিকট হতে মাত্র ৫০.০০ টাকা ফি গ্রহণ করা হয়।

(খ) মাটি, পানি, উদ্ভিদ এবং সারের নমুনা বিশ্লেষণ ফি :

বিশ্লেষণ	ক্যাটাগরী # ১ কৃষক/ছাত্র (চাকুরীরত)	ক্যাটাগরী # ২ সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান	ক্যাটাগরী # ৩ সারের ডিলার/ উৎপাদনকারী/ এনজিও/ ব্যবসায়ী/বিভিন্ন প্রকল্প
<b>ক. প্রতিটি মাটির নমুনার বিশ্লেষণ ফি (টাকা)</b>			
১. প্রতিক্রিয়া (পিএইচ)	৩.০০	১৫.০০	৩০.০০
২. লবণাক্ততা (ইসি)	৫.০০	১৫.০০	৩০.০০
৩. জৈব পদার্থ	১০.০০	২৫.০০	৫০.০০
৪. সিইসি	১০.০০	৭৫.০০	১৫০.০০
৫. বুন্ট	৫.০০	৪০.০০	৮০.০০
৬. বাক্স ডেনসিটি	১০.০০	১০০.০০	২০০.০০
৭. পার্টিক্যাল ডেনসিটি	১০.০০	১২০.০০	২৪০.০০
৮. আর্দ্রতা	১০.০০	৪০.০০	৬০.০০
৯. পারকোলেশন/ইনফিল্ট্রেশন	-	২০০.০০	৪০০.০০
১০. নাইট্রোজেন (টোটাল/লভ্য)	১০.০০	৭৫.০০	১৫০.০০
১১. ফসফরাস	১০.০০	৩০.০০	৬০.০০
১২. গন্ধক	৫.০০	৪০.০০	৮০.০০
১৩. বিনিময়যোগ্য ক্যাটায়ন (ক্যালসিয়াম, ম্যাগনেশিয়াম, পটাশিয়াম ও সোডিয়াম)	৫.০০ প্রতিটি উপাদানের জন্য	২৫.০০ প্রতিটি উপাদানের জন্য	৫০.০০ প্রতিটি উপাদানের জন্য
১৪. তামা, লোহা, ম্যাঙ্গানিজ, দস্তা	৫.০০ প্রতিটি উপাদানের জন্য	৩০.০০ প্রতিটি উপাদানের জন্য	৬০.০০ প্রতিটি উপাদানের জন্য
১৫. বোরণ	১০.০০	৮০.০০	১৬০.০০
<b>খ. প্রতিটি পানির নমুনার বিশ্লেষণ ফি (টাকা)</b>			
১. প্রতিক্রিয়া (পিএইচ)	৩.০০	১৫.০০	৩০.০০
২. দ্রবণীয় অধঃক্ষেপ	৩.০০	১৫.০০	৩০.০০
৩. ক্যালসিয়াম, ম্যাগনেশিয়াম, পটাশিয়াম, সোডিয়াম, লোহা, তামা, ম্যাঙ্গানিজ, দস্তা	৫.০০ প্রতিটি উপাদানের জন্য	২৫.০০ প্রতিটি উপাদানের জন্য	৫০.০০ প্রতিটি উপাদানের জন্য
৪. নাইট্রেড, কার্বনেট, বাই-কার্বনেট	৬.০০ প্রতিটি উপাদানের জন্য	৩০.০০ প্রতিটি উপাদানের জন্য	৬০.০০ প্রতিটি উপাদানের জন্য
৫. ক্লোরাইড	৩.০০	১৫.০০	৩০.০০
৬. বোরণ	৮.০০	৪০.০০	৮০.০০
৭. সালফেট	৮.০০	৩৫.০০	৭০.০০
৮. আর্সেনিক	-	৩০০.০০	৬০০.০০
<b>গ. প্রতিটি উদ্ভিদ নমুনার বিশ্লেষণ ফি (টাকা)</b>			
নাইট্রোজেন, ফসফরাস, পটাশিয়াম, গন্ধক, ক্যালসিয়াম, ম্যাগনেশিয়াম, তামা, লোহা, ম্যাঙ্গানিজ, দস্তা	১০.০০ প্রতিটি উপাদানের জন্য	৫০.০০ প্রতিটি উপাদানের জন্য	১০০.০০ প্রতিটি উপাদানের জন্য
<b>ঘ. প্রতিটি সার নমুনার বিশ্লেষণ ফি (টাকা)</b>			
১. আর্দ্রতা	-	৭৫.০০	১৫০.০০
২. টোটাল নাইট্রোজেন	-	২০০.০০	৪০০.০০
৩. টোটাল ফসফরাস	-	২০০.০০	৪০০.০০
৪. টোটাল পটাশিয়াম	-	২০০.০০	৪০০.০০
৫. টোটাল সালফার (সালফেট)	-	১১০.০০	২২০.০০
৬. টোটাল দস্তা	-	২০০.০০	৪০০.০০
৭. টোটাল ম্যাঙ্গানিজ	-	১১০.০০	২২০.০০

বিশ্লেষণ		ক্যাটাগরী # ১ কৃষক/ছাত্র (চাকুরীরত)	ক্যাটাগরী # ২ সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান	ক্যাটাগরী # ৩ সারের ডিলার/ উৎপাদনকারী/ এনজিও/ ব্যবসায়ী/বিভিন্ন প্রকল্প
৮.	টোটাল লোহা	-	১১০.০০	২২০.০০
৯.	টোটাল তামা	-	১১০.০০	২২০.০০
১০.	টোটাল বোরণ	-	১১০.০০	২২০.০০
১১.	টোটাল সোডিয়াম	-	১১০.০০	২২০.০০
১২.	টোটাল ক্যালসিয়াম	-	১১০.০০	২২০.০০
১৩.	টোটাল ম্যাগনেশিয়াম	-	১১০.০০	২২০.০০
১৪.	ক্লোরাইড	-	১১০.০০	২২০.০০
১৫.	বাই-ইউরেট	-	১০০.০০	২২০.০০
১৬.	হেভী মেটাল (মার্কারী, সীসা, ক্যাডমিয়াম, নিকেল)	-	৪০০.০০ প্রতিটি উপাদানের জন্য	৬০০.০০ প্রতিটি উপাদানের জন্য
১৭.	আর্সেনিক	-	৩০০.০০	৬০০.০০

**৬। তথ্য-উপাত্ত প্রাপ্তি/ যোগাযোগের উপায়:**

সরাসরি যোগাযোগ, ওয়ার্কশপ, সেমিনার, পোস্টার, লিফলেট, রেডিও, টেলিভিশন ও ওয়েব সাইটের মাধ্যমে উপকারভোগী ব্যক্তি/প্রতিষ্ঠান মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট-এর কর্মকর্তা সম্পর্কে অবহিত হয়ে থাকেন।

**৭। অভিযোগের প্রতিকার ও সময়সীমা :**

উপকারভোগী ব্যক্তি / সংস্থার অভিযোগের প্রতিকারে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হয়। সকল অভিযোগের প্রাপ্তি স্বীকার করে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট অফিসের সাথে আলোচনা করে অভিযোগের নিষ্পত্তি করা হয়। এছাড়া প্রধান কার্যালয়ে রক্ষিত অভিযোগ বাক্সে জনসাধারণ তাদের অভিযোগ দাখিল করতে পারেন।

বিস্তারিত তথ্যের জন্য অথবা যথাসময়ে সেবা না পেলে নিম্ন ঠিকানায় যোগাযোগ করতে পারেন :

পরিচালক  
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট  
মৃত্তিকা ভবন, কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫।  
ফোন : ৯১১৩৩৬৩; ফ্যাক্স : ৯১১০৮৪৪  
ই-মেইল: director@srdi.gov.bd

প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা  
প্রশিক্ষণ শাখা  
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট,  
ঢাকা।  
ফোন : ৯১১০৫৯০